# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৯৯

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৮. হায়িযগ্রস্ত মহিলা তার স্বামীর চুল আঁচড়ে দিতে পারে

بَاب الْحَائِضِ تَمْشُطُ زَوْجَهَا

## আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا زَائِدَةُ حَدَّثَنَا إِسْمَعِيلُ السُّدِّيُّ عَنْ عَبْدِ اللَّهِ الْبَهِيِّ قَالَ حَدَّثَتْنِي عَائِشَةُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي الْمَسْجِدِ فَقَالَ لِلْجَارِيَةِ نَاوِلِينِي الْخُمْرَةَ قَالَتْ أَرَادَ أَنْ يَبْسُطَهَا وَيُصَلِّيَ عَلَيْهَا فَقَالَتْ إِنَّهَا حَائِضٌ فَقَالَ إِنَّ حِيضَتَهَا لَيْسَ فِي يَدِهَا

## বাংলা

১০৯৯. আব্দুল্লাহ আল বাহী বলেন, আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদে ছিলেন। এমতাবস্থায় তিনি তার দাসীকে ডেকে বললেন: “আমাকে 'খুমরাহ' বা জায়নামায এনে দাও।” তিনি (আয়িশা রা:) বলেন, তিনি তা বিছিয়ে সালাত আদায় করতে চেয়েছিলেন। তখন সেই দাসী বলল যে, তার তো হায়িয হয়েছে। তখন তিনি বললেন: “তোমার হাতে তো আর হায়িয লেগে নেই।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান জাফর ইবনু হারিস আল ওয়ারিসীর কারণে। তবে হাদীসটি বুখারী মুসলিমের হাদীস।

তাখরীজ: বুখারী ৩০১; মুসলিম ২৯৭; আবু আউয়ানা ১/৩১৩ সহীহ সনদে। আমরা এর পূর্ণাঙ্গ তাখরীজ করেছি সহীহ ইবনু হিব্বান নং ৩৬৬৮, ৩৬৬৯। আরও দেখুন, পরবর্তী হাদীসটি এবং বিগত ১০৯৮, ১০৯৯ ও ১১০৬ (অনুবাদে ১০৯২, ১০৯৩ ও ১১০০) নং হাদীসসমূহ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81382

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন